

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

খালেদের অপকৌশল (এ১১১)

কিছুদূর অগ্রসর হ'তেই জানা গেল যে, মক্কার মহা সড়কে 'কোরাউল গামীম'(کُرَاعُ الْغُمِیمِ) নামক স্থানে খালেদ বিন অলীদ ২০০ অশ্বারোহী সৈন্য নিয়ে প্রস্তুত হয়ে আছেন মুসলিম কাফেলার উপরে হামলা করার জন্য। যেখান থেকে উভয় দল পরস্পরকে দেখতে পাচ্ছিল। দূর থেকে মুসলমানদের যোহরের ছালাত আদায়ের দৃশ্য অবলোকন করে তারা উপলব্ধি করে যে, মুসলমানেরা ছালাত আদায় কালে দুনিয়া ভুলে যায় ও আখেরাতের চিন্তায় ব্যাকুল হয়ে পড়ে। তারা ভাবল, এই সুযোগে মুসলিম কাফেলার উপরে হামলা চালিয়ে তাদেরকে নিশ্চিহ্ন করা যাবে। আল্লাহ পাক তাদের এ চক্রান্ত নস্যাৎ করে দেবার জন্য তাঁর রাসূল-এর উপর এ সময় ছালাতুল খাওফের বিধান নাযিল করলেন (নিসা ৪/১০১-১০২)। ফলে আছরের ছালাতের সময় একদল যখন ছালাত আদায় করলেন, অপরদল তখন সতর্ক পাহারায় রইলেন (আবুদাউদ হা/১২৩৬, সনদ ছহীহ)। এতে খালেদের পরিকল্পনা ভডুল হয়ে গেল।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5518

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন